গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd

স্মারক নং.- ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০০৮.২১(১৭০তম বুনিয়াদি)/-১১৭৮(১৬০)

তারিখ: ২১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: ১৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ

সূত্র: স্মারক নং. - ৩৭.০২.০০০০.১১০.৬২.১০৫.২০১৭-০৩, তারিখ: ০৪/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ রোজ বুধবার হতে জাতীয় শিক্ষা ব্যবস্হাপনা একাডেমি (নায়েম) তে বসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তা হিসেবে ১৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেওয়া হয়েছে। কোর্সের প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলি নিচে দেওয়া হলো:

১। কোর্সে অংশগ্রহণের জন্য ২৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ /১১ জানুয়ারি ২০২২ খ্রি. রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ - ৫.০০টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্রসহ নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস সেন্টার এ রিপোর্ট করতে হবে।

২। রিপোর্টের সময় বিস্তারিত জীবন বৃত্তান্ত (বাংলায় ও ইংরেজিতে পৃথকভাবে), সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ও ০৩ (তিন) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি এবং ১০/- (দশ) টাকা মূল্যমানের ৫ (পাঁচ)-টি রাজস্ব স্ট্যাম্প সাথে আনতে হবে।

৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণ চলাকালে নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য লেপ, তোশক, বালিশ, মশারি ইত্যাদি কর্তৃপক্ষ সরবরাহ করবেন।

৪। সেশনকক্ষ ও অন্যান্য কর্মসূচিতে পুরুষ প্রশিক্ষণার্থীগণকে বাধ্যতামূলকভাবে সাদা ফুলহাতা শার্ট, কালো ট্রাউজার, টাই (অন্যান্য পোশাকের রং কোর্স কমিটি কর্তৃক পরে নির্ধারণ করা হবে) অথবা সাদা পাঞ্জাবি ও সাদা শেরওয়ানি, কালো ট্রাউজার এবং কালো জুতা পরিধান করতে হবে। মেস রজনী ও অতিথি রজনীতে কালো রংয়ের স্যুট পরিধান করতে হবে।

৫। মহিলা প্রশিক্ষণার্থীগণকে সেশনকক্ষ ও অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য কোর্স শুরুর অব্যবহিত পরেই কোর্স সমন্বয় কমিটির নির্দেশনা মোতাবেক ইউনিফরম তৈরি করতে হবে।

৬। শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রংয়ের স্পোর্টস ট্রাউজার ও কলারসহ সাদা টি-শার্ট, সাদা মোজা, সাদা কেড্স এবং মহিলা প্রশিক্ষণার্থীগণকে সাদা সালোয়ার-কামিজ এবং সাদা রঙের মোজা এবং সাদা কেড্স পরিধান করতে হবে। প্রয়োজনে সকল অংশগ্রহণকারী সাদা ট্র্যাকস্যুট ব্যবহার করতে পারবেন।

৭। প্রশিক্ষণকালে প্রতি প্রশিক্ষণার্থীকে পোশাকভাতা বাবদ ১৫,০০০.০০ (পনেরো হাজার) টাকা, দৈনিক ৬০০.০০ (ছয়শত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা এবং প্রায় ২,০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যমানের বই প্রদান করা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থী নিজ কর্মস্থল থেকে প্রশিক্ষণ কোর্সে (নায়েম) যোগদান ও প্রশিক্ষণ শেষে কর্মস্থলে যোগদান, শিক্ষাসফর, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও 'বাংলাদেশকে জানো' (Know Bangladesh) কার্যক্রমের জন্য যাতায়াত ও ভ্রমণভাতা (দৈনিক ভাতা বাদে) প্রাপ্য হবেন। উল্লেখ্য, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও 'বাংলাদেশকে জানো' (Know Bangladesh) কার্যক্রমের জন্য দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।

৮। কোর্সে যোগদানের সময় বিল প্রাপ্তির পূর্বে ব্যক্তিগত ব্যয় নির্বাহের জন্য (খাওয়া খরচ, হোস্টেল ইউটিলিটি চার্জ ইত্যাদি) কমপক্ষে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সাথে আনতে হবে। প্রশিক্ষণ কোর্সে যোগদানের সময় কোর্স সমন্বয় কমিটির নিকট ৫০০.০০ (পাঁচশত) টাকা জামানত হিসেবে (যা পরে ফেরতযোগ্য) জমা দিতে হবে। এছাড়াও হোস্টেল সার্ভিস চার্জ বাবদ প্রতিদিন ৭০.০০ টাকা হারে ০৪ (চার) মাসে (৭০/-x১২০দিন)= ৮৪০০/- (আট হাজার চারশ) টাকা হোস্টেলে ওঠার সময় এককালীন পরিশোধ করতে হবে।

৯। কোর্সে প্রশিক্ষণার্থীগণের দৈনিক প্রশিক্ষণ ভাতা খাতে প্রতিদিনের জন্য বরাদ্দকৃত ৬০০.০০ (ছয়শত) টাকা থেকে প্রতি দিনের দুই বেলা খাবার, সকালের নাস্তা এবং সহপাঠক্রমিক কার্যক্রম ব্যবস্থাপনা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করা হবে। এই অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করে প্রশিক্ষণার্থী ও নায়েম অনুষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত বিভিন্ন কমিটির মাধ্যমে ব্যয় করা হবে।

১০। ইতঃপূর্বে এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকলে অথবা বয়স ৫০ বছর বা তদূর্ধ্ব হলে এ কোর্সে যোগদান করার প্রয়োজন নেই।

১১। মনোনীত কোনো কর্মকর্তা গুরুতর অসুস্থ হলে কিংবা মহিলা কর্মকর্তা সন্তানসম্ভবা হলে কিংবা দুগ্ধপোষ্য শিশু থাকলে কিংবা সরকারি হাসপাতালে ভর্তি থাকলে মেডিকেল বোর্ডের সনদ পেশ করা সাপেক্ষে তাঁকে কোর্সে অংশগ্রহণ করা থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে। তবে এ সকল ক্ষেত্রে আগামী ০৯/০১/২০২২ খ্রি. তারিখের মধ্যে অংশগ্রহণের অপারগতা জানিয়ে অধ্যক্ষ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, নায়েম বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদনপত্রের অনুলিপি info@naem.gov.bd/ 170ftc.naem@gmail.com এ প্রেরণ করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে অবহিত না করে কোর্সে অনুপস্থিত থাকলে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

**১২। দুগ্ধপোষ্য শিশুসহ প্রশিক্ষণে অংশ নিতে ইচ্ছুক এমন ১৮ (আঠারো) জন মহিলা প্রশিক্ষণার্থী, যাদের মাউশি অধিদপ্তর কর্তৃক মনোনয়ন দেওয়া হয়েছে তাঁরা শিশুসহ নায়েম হোস্টেলে অবস্থান করতে পারবেন। তবে শিশুর বয়স অবশ্যই ১৮ থেকে ৬০ মাসের মধ্যে হতে হবে। রিপোর্টিং এর সময় শিশুর জন্মসনদ সাথে আনতে হবে। উল্লেখ্য, প্রত্যেক প্রশিক্ষণার্থী কেবল ০১ (এক) জন শিশু ও ০১ (এক) জন সহায়তাকারী সঙ্গে রাখতে পারবেন।**

**১৩। সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ২০১৮ এবং নায়েমের নিজস্ব নিয়ম-শৃঙ্খলা ও বিধি-বিধান অনুসরণে কোর্সটি পরিচালিত হবে। কোনো প্রশিক্ষণার্থী এর ব্যত্যয় ঘটালে বিধি মোতাবেক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

**১৪। মনোনীত সকল কর্মকর্তাকে আগামী ০৯ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখের মধ্যে (http://www.naem.gov.bd → বুনিয়াদি কোর্স রেজিস্ট্রেশন বাটনে গিয়ে সম্পন্ন করতে হবে এবং রেজিস্ট্রেশন সফল হলে প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে (অনলাইন রেজিস্ট্রেশন সম্পর্কিত বিস্তারিত টেকনিক্যাল তথ্যের জন্য উক্ত সাইটের Instruction বাটনে ক্লিক করুন)।** প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যের জন্য কোর্স সমন্বয়ক জনাব মোঃ লুৎফর রহমান, মুঠোফোন- ০১৭১২-২৪১৫৪১, জনাব সাবিহা ইয়াসমিন, মুঠোফোন ০১৭১৫-০১৩৩৯৪ অথবা জনাব গোলাম মাহমুদ, মুঠোফোন ০১৯১৬-২৬৬০৯৯ এ যোগাযোগ করা যেতে পারে।

১৫। যথাযথ কর্তৃপক্ষের মনোনয়ন অনুযায়ী এ পত্র জারি করা হলো। সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ কোর্সে অংশগ্রহণের জন্য ১১ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ মঙ্গলবার থেকে কর্মরত প্রতিষ্ঠান হতে বিমুক্ত বলে গণ্য হবেন।

১৬। প্রশিক্ষণার্থীগণ ব্যক্তিগত ল্যাপটপ সঙ্গে আনবেন।

০৫/১/২০২২
মহাপরিচালক
নায়েম
ফোন: ৫৫১৬৭৫২৯
e-mail#dg@naem.gov.bd

--------------------------------
--------------------------------

২১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ

স্মারক নং- ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০০৮.২১ (১৭০তম বুনিয়াদি)/---১১৭৯(১৮০)৮০ তারিখ: ---------------------------

০৫ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন /পরিকল্পনা ও উন্নয়ন/ গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা
৩. চেয়ারম্যান/ অধ্যক্ষ/ পরিচালক/ প্রকল্প পরিচালক/ উপপরিচালক -----------------------------------------------------------------------------------------
   মনোনীত কর্মকর্তাকে যথাসময়ে অবমুক্ত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো (সংশ্লিষ্ট কর্মকর্তা ইতোমধ্যে অন্যত্র বদলি হয়ে থাকলে নতুন ঠিকানায় তাঁকে জানিয়ে দেওয়ার অনুরোধসহ)
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ (তালিকাটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. চীফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
৭. জেলা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ..........................................................................
৮. প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্র ও তালিকাটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, নায়েম
১০. অফিস কপি

০৫/০১/2022

(প্রফেসর লানা হুমায়রা খান)

কোর্স পরিচালক

মোবাইল ফোন: ০১৭১৫-১৩৪৭৮৫